জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ,
ঢাকা।
Website: www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮৯৭ /১৯

তারিখ ঃ ০১/০৯/২০১৯ খ্রীষ্টাব্দ
১৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ-বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বরিশাল বিশ্ববিদ্যালয়ের **২০১৯-২০২০** শিক্ষাবর্ষের প্রথম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে পরিচালিত হবে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের **২০১৯-২০২০** শিক্ষাবর্ষের প্রথম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ০১/০৯/২০১৯ ইং তারিখ হতে শুরু হয়ে ২৬/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অবহিত করা হয়েছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে ঃ-

(ক) ভর্তিচ্ছু প্রার্থী বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (**admission.eis.bu.ac.bd**) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংক লিমিটেডের যে কোন শাখায় ভর্তির মূল ইউনিট (ক/খ/গ) এর আবেদন ফি বাবদ **৬০০/- (ছয়শত)** টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা তাতে স্বাক্ষর প্রদান করে আবেদনকারীকে তার অংশ ফেরত দিবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে। মূল ইউনিট (ক/খ/গ) এর আদায়কৃত **৬০০/- (ছয় শত)** টাকার মধ্যে **৫৮০/- (পাঁচ শত আশি)** টাকা বরিশাল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ২০/-(বিশ) টাকার মধ্যে ১৭/- (সতের) টাকা "আয় খাত বিবিধ" এবং ৩/- (তিন) টাকা "ভ্যাট" হিসাবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

(খ) ভর্তিচ্ছু প্রার্থী শাখা পরিবর্তন এর ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকতা তাতে স্বাক্ষর প্রদান করে আবেদনকারীকে তার অংশ ফেরত দিবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে। শাখা পরিবর্তনে আদায়কৃত টাকার মধ্যে **৪৮০/- (চার শত আশি)** টাকা বরিশাল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ২০/-(বিশ) টাকার মধ্যে ১৭/- (সতের) টাকা "আয় খাত বিবিধ" এবং ৩/- (তিন) টাকা "ভ্যাট" হিসাবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

চলমান পাতা-২

**বিষয় ঃ-বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।**

উল্লেখ্য শাখা পরিবর্তন বাবদ টাকা জমা গ্রহণের পূর্বে মূল ইউনিট (ক/খ/গ ইউনিট) এর টাকা জমা না দিলে শাখা পরিবর্তন ইউনিট এর পে-ইন স্লিপের জমা বাজেয়াপ্ত হবে বিধায় আবেদনকারী মূল ইউনিট (ক/খ/গ ইউনিট)-এ টাকা জমা করেছেন কিনা তা নিশ্চিত হতে হবে। এ ক্ষেত্রে অবশ্যই মূল ইউনিট (ক/খ/গ ইউনিট)-এ টাকা জমার পে-ইন স্লিপের ফটোকপি একই সাথে জমা রাখতে হবে।

(গ) **আবেদনকারীর তথ্য JB Online Solution-এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষনিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবে না।**

(ঘ) **শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভুত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষ-কে বহন করতে হবে।**

(ঙ) প্রতিটি শাখায় Applicants এর নিকট হতে ভর্তি ফি জমা গ্রহণের পর তা JB Online Solution-এ Login করে University Admission System-এ এন্ট্রি করতে হবে। **JB Online Solution**-এ সকল ফরম এন্ট্রি করার পর **"Voucher" Button**-এ **Click** করলে জমাকৃত অর্থের বিপরীতে তিনটি ক্রেডিট ভাউচার **Generate** হবে। দিন শেষে উক্ত চলতি হিসাবে সংগৃহীত অর্থ বিকলন করে ভর্তি ফিস এর অর্থ ঐ দিনেই $T_{24}$ এ সফটওয়ারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের নামে পরিচালিত হিসাব **Barisal University Admission, A/C No-0100098509270** এ জমা করতে হবে। অবশিষ্ট অন্য দুইটি ভাউচার শাখার জেনারেল লেজার-এ পোষ্টিং করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভুত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(চ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এর জনাব মোঃ মনিরুল ইসলাম- প্রিন্সিপাল অফিসার (আইটি) (ফোন ঃ ০২-৯৫১৫৩০৪, ৪৭১১৬০৭৩, ০১৫৫৬৩২৪৭২১, ই-মেইলঃ manirul@janatabank-bd.com) এর সাথে যোগাযোগ করতে হবে।

(ছ) **ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার করণীয় ঃ**-কন্ট্রোলিং শাখা হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখা ব্যাংকের সকল শাখায় জমাকৃত অর্থ সঠিকভাবে **Barisal University Admission, A/C No-0100098509270** জমা হ'ল কিনা তা তদারকি করে নিশ্চিত হবে এবং কোন শাখা জমাকৃত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা না করলে যোগাযোগ করে তা সত্ত্বর জমা করণের ব্যবস্থা গ্রহণ করবে।

(জ) **বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয় ঃ-** বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস সমুহ তাদের আওতাধীন শাখা সমুহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে এবং "ফি" ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

চলমান পাতা-৩

**বিষয় ঃ-বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।**

(ঝ) কোন শাখা হতে **University Admission System**-এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটি ডিপার্টমেন্ট-সিস্টেম এর **JB Solution Support Cell**-এ টেলিফোন নং ০২-৯৫১৪৩৮০ যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, বরিশাল বিশ্ববিদ্যালয়ের **২০১৯-২০২০** শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের যে কোন শাখায় ০১/০৯/২০১৯ তারিখ হতে শুরু হয়ে ২৬/০৯/২০১৯ তারিখ পর্যন্ত জমা গ্রহণ সহ আবেদনকারীর তথ্য **JB Online Solution**-এ **Login** করে এর আওতাধীন **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটিডি (সিস্টেম) সহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত

(মোঃ আবদুর রউফ)
উপ মহাব্যবস্থাপক

(শেখ মকবুল আহমেদ)
মহাব্যবস্থাপক